ISSN : 0976-9463
Issue 25, Vol. 40

# তবু একলব্য

৪০

UGC Approved Peer-Reviewed Research Journal on Arts and Humanities


## সমাজ সংস্কৃতি সাহিত্য


ক্রোড়পত্র ১। দেবেশ রায়

ক্রোড়পত্র ২। আনিসুজ্জামান

দি গৌরী কালচারাল এন্ড এডুকেশনাল অ্যাসোসিয়েশন

Scanned with OKEN Scanner





Tabu Ekalavya


| | | |
|---|---|---|
| **Chief Advisor** | : | **Swami Shastrajnananda**<br>**Selina Hossain**<br>**Ramkumar Mukhopadhyay**<br>**Soma Bandyopadhyay**<br>**Sadhan Chattopadhyay** |
| **President** | : | **Biplab Majee** |
| **Vice-President** | : | **Tapan Mandal** |
| **Working Editor** | : | **Sushil Saha** |
| **Joint Editor** | : | **Debarati Mallik & Tapas Pal** |
| **Editor** | : | **Dipankar Mallik** |
| **e-mail** | : | **tobuekalabya@gmail.com**<br>**tabuekalabya100@gmail.com** |
| **Website** | : | **http://tabuekalavya.in** |
| **facebook** | : | **তবু একলব্য গবেষণা পত্রিকা** |
| **গ্রুপ** | : | **তবু একলব্য গবেষণা পত্রিকা** |



ISSN 0976-9463

9 770976 946008 >


Scanned with OKEN Scanner

TABU EKOLABYA
ISSN 0976-9463

৪০

# তবু একলব্য

ভাষা-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক গবেষণা পত্রিকা

২৫ বর্ষ • ৪০ সংখ্যা • ২০২০

# TABU EKALABYA

UGC Approved International Peer-Reviewed (Refereed)
Research Journal on Arts & Humanities

UGC-CARE LISTED JOURNAL, SL. NO. 16

## সমাজ-সংস্কৃতি-সাহিত্য

বিশেষ সংখ্যা

ক্রোড়পত্র/১ : দেবেশ রায়
ক্রোড়পত্র/২ : আনিসুজ্জমান

দি গৌরী কালচারাল এন্ড এডুকেশনাল অ্যাসোসিয়েশন
সমাজ-সংস্কৃতি-সাহিত্য গবেষণাকেন্দ্র

Scanned with OKEN Scanner

**TABU EKALAVYA**

UGC Approved International Peer-Reviewed (Refereed) Research Journal on Arts & Humanities

ISSUE 25, Vol. 40 ● July - September, 2020

ISSN : 0976-9463

প্রথম প্রকাশ : ২৩ সেপ্টেম্বর, ২০২০

দ্বিতীয় মুদ্রণ : ডিসেম্বর ২০২০

**TABU EKALAVYA**

| | | |
|---|---|---|
| Chief Advisor | : | Swami Shastrajnananda<br>Selina Hossin<br>Ramkumar Mukhopadhyay<br>Soma Bandyopadhyay<br>Sadhan Chattopadhyay |
| President | : | Biplab Majee |
| Vice-President | : | Tapan Mandal |
| Working Editor | : | Sushil Saha |
| Joint Editor | : | Debarati Mallik & Tapas Pal |
| Editor | : | Dipankar Mallik |
| e-mail | : | tobuekalabya@gmail.com / tabuekalabya100@gmail.com |
| Website | : | www.tobuekalabya.com |
| facebook | : | তবু একলব্য গবেষণা পত্রিকা |
| গ্রুপ | : | তবু একলব্য গবেষণা পত্রিকা |

প্রাপ্তিস্থান : দে'জ, দিয়া, দে বুক স্টোর (দীপু), পাতিরাম, ধ্যানবিন্দু, পাতাবাহার

মূল্য : ৩৫০ টাকা

# তবু একলব্য

**সভাপতি**
বিপ্লব মাজী

**সহ-সভাপতি**
তপন মণ্ডল

**মুখ্য উপদেষ্টা**
স্বামী শাস্ত্রজ্ঞানন্দ
সেলিনা হোসেন
রামকুমার মুখোপাধ্যায়
সোমা বন্দ্যোপাধ্যায়
সাধন চট্টোপাধ্যায়

**কার্যনির্বাহী সম্পাদক**
সুশীল সাহা

**যুগ্ম সম্পাদক**
দেবারতি মল্লিক ও তাপস পাল

**সম্পাদক**
দীপঙ্কর মল্লিক

**কার্যকরী কমিটির সম্পাদক**
মধুসূদন সাহা ও সোমালি চক্রবর্তী

**আহ্বায়ক**
বিদিশা সিন্‌হা, অঙ্কিতা মুখার্জী, রামকৃষ্ণ মণ্ডল

**উপদেষ্টামণ্ডলী**

পবিত্র সরকার, বাসব চৌধুরী, অপূর্ব বন্দ্যোপাধ্যায়, সমীর রক্ষিত, শ্রীনলিনী বেরা, অমর মিত্র, জয়া মিত্র, সুমিতা চক্রবর্তী, তপোধীর ভট্টাচার্য, রবীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ব্রততী চক্রবর্তী, বারিদ বরণ ঘোষ, সত্যবতী গিরি, শ্রুতিনাথ চক্রবর্তী, বিশ্বজিৎ ঘোষ, শহীদ ইকবাল, দীপক রায়, উদয়চাঁদ দাশ, সুখেন বিশ্বাস, শুভময় মণ্ডল

**সম্পাদকমণ্ডলী**

সোনালি মুখার্জি, সনৎকুমার নস্কর, মুনমুন গঙ্গোপাধ্যায়, মীর রেজাউল করিম, হোসনে আরা জলি, বরেন্দু মণ্ডল, অর্জুন সেনশর্মা, শামস্ আলদীন, শ্যামশ্রী বিশ্বাস সেনগুপ্ত, সোমা ভদ্র রায়, স্বাগতা দাস মোহান্ত, আশিস রায়, মণিশঙ্কর মণ্ডল, বরুণজ্যোতি চৌধুরী, শ্যামাচরণ মণ্ডল, রাধেশ্যাম সাহা, সুব্রত ঘোষ, শকুন্তলা দাস, সুবীর সেন, অনিমেষ গোলদার, প্রিয়ব্রত ঘোষাল, শুভঙ্কর রায়, অর্ণব সাধুখাঁ, প্রসেনজিৎ বিশ্বাস

**বিষয় বিশেষজ্ঞ অধ্যাপকমণ্ডলী**

গোপা দত্ত ভৌমিক, অপর্ণা রায়, বেলা দাস, রমেন কুমার সর, অরিন্দম চট্টোপাধ্যায়, অতনু শাশমল, শেখর সমাদ্দার, জ্যোৎস্না চট্টোপাধ্যায়, বিশ্বতোষ চৌধুরী, সৌরেন বন্দ্যোপাধ্যায়, বিশ্বজিৎ রায়, সুমনা দাস শূর, নন্দিনী ব্যানার্জী, সুজিতকুমার পাল

Scanned with OKEN Scanner

# সূচিপত্র


পৃষ্ঠা

পর্ব : ১ ———— ১৩-৮৪

❑ প্রাগাধুনিক বাংলা সাহিত্য

মঙ্গলকাব্যে শিব ১৩
দীপঙ্কর মল্লিক

মধ্যযুগীয় আখ্যানকাব্যে শিববিষয়ক মিথ ৩৩
লিলি হালদার

মুকুন্দরাম চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে দেবতা-মানুষ-পশু-অরণ্য ও পরিবেশ ৪৩
অজয় কুমার দাস

মঙ্গলকাব্যে নারীর শ্রমবৃত্তি ও সামাজিক অবস্থান ৫০
ভবেশ মজুমদার

উত্তরকাণ্ডের প্রেক্ষিতে : লব-কুশের মানসগঠন ৬২
সপ্তদ্বীপা কর্মকার

বেদান্তের আলোকে অধ্যাত্মরামায়ণের অহল্যার রামস্তুতি ৬৭
সুনীতা খাঁ

ঝুমুর ও চর্যাপদ ৭৩
অসিত বরণ মাহাত

শাক্ত পদাবলি : অষ্টাদশ শতাব্দীর পরিবার ও সমাজ জীবন ৭৯
প্রতিম দত্ত

পর্ব : ২ ———— ৮৫-১১৩

❑ লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

মৌখিক প্রবাদে সমাজচিত্রণ : একটি স্থানিক সমীক্ষা ৮৫
সৌমেন মণ্ডল

ভারতীয় সংগীতের আদিপর্ব ও বাংলা লোকসংগীতের ধারা ৯৩
পার্থসারথি সরকার

সমন্বয়ের সাধনা : প্রেক্ষিত বাউলগান ৯৯
ইদরিশ আলি ভুইয়া


Scanned with OKEN Scanner

# মধ্যযুগীয় আখ্যানকাব্যে শিব-বিষয়ক মিথ

লিলি হালদার

মিথ প্রসঙ্গে আলোচনার আগে লোকসংস্কৃতিবিজ্ঞানে মিথের অবস্থান ঠিক কোথায় সে সম্পর্কে স্পষ্ট ধারণা করে নেওয়া প্রয়োজন। বাক্‌কেন্দ্রিক লোকসংস্কৃতির অন্যতম একটি উপকরণ লোককথা। ইংরাজি Folktale-এর বাংলা পরিভাষা হিসেবে 'লোককথা' শব্দটি প্রথম ব্যবহার করেন ড. আশুতোষ ভট্টাচার্য।[১] লোককথা হলো উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত একটি জাতির ঐতিহ্যের ইতিহাস। ইতিহাস ও পুরাণের নানা ঘটনা, অবিশ্বাস্য কাহিনিকে অবলম্বন করে লিখিত ও মৌখিক গদ্যের ভাষায় লোককথা রচিত হয়। দুই বাংলা মিলিয়ে বাংলা লোককথার ভান্ডার বিপুল ও বৈচিত্র্যময়। বাংলার লোককথাকে নিম্নলিখিতভাগে ভাগ করা যায়—রূপকথা, পশুকথা, পরীকথা, কিংবদন্তি, ব্রতকথা, লোকপুরাণ ও গীতিকার অন্তর্ভুক্ত কাহিনি। লোকপুরাণ-ই আদতে মিথ (Myth)। মিথের বাংলা প্রতিশব্দ নির্বাচনে নানাজনের নানা মত। যেমন—পুরাকথা বা পুরাকাহিনি, লোকপুরাণ, পুরাবৃত্ত। আশুতোষ ভট্টাচার্য্যের মতে—

> পুরাকাহিনি শব্দটি দ্বারা ইংরেজি Myth এবং ইতিকথা শব্দটির দ্বারা ইংরেজি legend শব্দের অর্থ প্রকাশ পাইতে পারে; কারণ Myth শব্দের পুরাণত্ব যেমন 'পুরা' কথাটির ভিতর দিয়া ব্যক্ত হইবে, তেমনই legend কথাটিরও অর্থ 'কথা' শব্দটির মধ্য দিয়া প্রকাশ পাইবে।[২]

তন্ময় বন্দ্যোপাধ্যায় তাঁর গ্রন্থে লিখেছেন 'Myth'-এর যথার্থ বাংলা প্রতিশব্দ হিসেবে আমরা 'পুরাবৃত্ত' শব্দটি ব্যবহার করতে পারি।[৩] মিথের বাংলা পরিভাষা যাই হোক না কেন এটি যে বাংলা লোককথার সবচেয়ে প্রাচীনতম অংশ, এই বিষয়ে কোনো সংশয় নেই। ইংরাজি মিথ (Myth) শব্দটি গ্রিক 'মুথোস' (Muthos) শব্দ থেকে এসেছে। মুথোস শব্দের অর্থ শব্দ, কথা ও কাহিনি, পৌরাণিক তথা লৌকিক উপকথা। গ্রিক 'মু' বা 'মুথ' ধাতু থেকে 'মুথোস' শব্দটি নিষ্পন্ন। মিথের অর্থ মৌখিক গল্প।[৪] মিথ বা পুরাণ সমাজের যৌথ মানসক্রিয়ার ফসল।[৫] লোকসমাজ তার অভিজ্ঞতা, তার ইতিহাসকে রেখে দেয় বিভিন্ন আচার-অনুষ্ঠানের সঙ্গে যুক্ত মিথ বা লোকপুরাণের মধ্যে। যুগ যুগ ধরে সেই কাহিনি নিজের অবয়বে কালের নিয়মে গ্রহণ-বর্জনের মধ্যে দিয়ে অগ্রসর হয়। ফলত কাহিনির সঙ্গে সংযুক্ত আচার-অনুষ্ঠান পরবর্তীকালে তার তাৎপর্য হারিয়ে ফেলে লুপ্ত হয়ে গেলেও গল্প শোনার ও শোনানোর আগ্রহে কাহিনিটি বজায় থাকে। এই কাহিনির প্রথম জন্ম হয় বিশ্বপ্রকৃতি সম্পর্কে মানবসমাজের বিস্ময় ও কৌতূহলবোধ থেকে।[৬] প্রকৃতির ঘটনাপ্রবাহ মানব মনে কখনো ভয়, কখনো কৌতূহল, কখনও-বা বিস্ময়ের উদ্রেক করেছে। এই থেকেই তারা নিজেদের জীবনচর্যার সঙ্গে সংগতি



Scanned with OKEN Scanner